

নীলফামারীতে ইউএনওর গাড়ি ভাঙচুর মামলা চার্জশিটে মূল আসামিদের বাদ দিয়ে নিরীহ ৭ ছাত্রের নাম অন্তর্ভুক্ত

নীলফামারী থেকে নিজস্ব সংবাদ-
দাতা : পরীক্ষা কেন্দ্রে ইউএনওর গাড়ি
ভাঙচুর মামলার মূল আসামিদের নাম
বাদ দিয়ে ৭ জন নিরীহ ছাত্রের নাম
পুলিশ চার্জশিটে অন্তর্ভুক্ত করেছে বলে
অভিযোগ উঠেছে। চার্জশিটে অন্তর্ভুক্ত
নতুন আসামিরা কোর্টে জামিন প্রার্থনা
করলে তা না-মঞ্জুর হয় এবং তাদের
আটক করা হয়।

প্রশাসকের কাছে অভিযোগ করা হয়েছে।
এদিকে পুলিশের এ চার্জশিটের বিরুদ্ধে
তৎকালীন ইউএনও এবং মামলার বাদি
নারাজি পিটিশন দিয়েছেন বলে সংশ্লিষ্ট
একটি সূত্র জানায়।

চলতি বছরের জানুয়ারি মাসে
সৈয়দপুর কলেজ ডিগ্রি পরীক্ষা কেন্দ্রে
উপজেলা নির্বাহী অফিসারের ইউএনও
গাড়ি ভাঙচুর করা হয়। সে সময়
কলেজের অধ্যক্ষসহ ৩ জন শিক্ষক ও ২
জন ছাত্রকে আসামি করে। তৎকালীন
ইউএনও সেলিনা শাহাদাত খানায় একটি
মামলা করেন। এ মামলার আসামি
শিক্ষক মোসলেম উদ্দিন ও ছাত্র আবদুস
সবুরকে শেফতার করা হয় এবং তারা ২
সপ্তাহ হাজতবাসও করেন।

সম্মতি পুলিশ মামলাটির তদন্তশেষে
চার্জশিট দৃাবিল করেছে। এতে অধ্যক্ষ ও
শিক্ষক ২ জনকে বাদ দিয়ে নতুন ৭ জন
ছাত্রকে আসামি হিসেবে অন্তর্ভুক্ত করা
হয়েছে। এদের মধ্যে এক ছাত্র অনেক
আগেই বিদেশে চলে গেছে। বাকিরা
বৃহস্পতিবার কোর্টে হাজির হলে জামিন
না-মঞ্জুর করে তাদের আটক করে
জেলহাজতে পাঠিয়ে দেয়া হয়।
মামলাটিতে পুলিশের সঙ্গে যোগসাজশ
করে মূল আসামিদের বাদ দিয়ে
শত্রুতামূলকভাবে কিছু নিরীহ ছাত্রকে
আসামি করা হয়েছে বলে শনিবার জেলা